

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৪২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَن أنسٍ قَالَ: تُوفِي رَجُلٌ مِنَ الصَّحَابَةِ. فَقَالَ رَجُلٌ: أَبْشِرْ بِالْجَنَّةِ. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَوَ لَا تَدْرِي فَلَعَلَّهُ تَكَلَّمَ فِيمَا لَا يَعْنِيهِ أَوْ بخل بِمَا لَا ينقصهُ» . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

৪৮৪২-[৩১] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সাহাবায়ে কিরাম (রাঃ) এর মধ্য থেকে একজন ইন্তিকাল করেন। তখন জনৈক ব্যক্তি বলল: "তুমি জান্নাতের সুসংবাদ গ্রহণ করো"। এটা শুনে রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি এ কথা বলছ, অথচ তুমি প্রকৃত ঘটনা জানো না। এমনও হতে পারে যে, সে (মৃত ব্যক্তি) নিরর্থক কথাবার্তা বলেছে অথবা এমন বিষয়ে কার্পণ্য করেছে, যাতে তাঁর কিছু কমে যেত না। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ লিগয়রিহী : তিরমিয়ী ২৩১৬, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৮৮২, হিদায়াতুর্ রুওয়াত ৪/৩৮৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (تُؤَفِّى رَجُلٌ مِنَ الصَّحَابَةِ) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীদের মধ্য থেকে জনৈক ব্যক্তি মারা গেলেন। (تُؤَفِّى رَجُلٌ مِنَ الصَّحَابَةِ) তখন এক ব্যক্তি মৃত ব্যক্তিকে উদ্দেশ্য করে বললেন। (فَقَالَ رَجُلٌ) তুমি জান্নাতের সুসংবাদ গ্রহণ কর। এ মর্মে আল্লাহ বলেনঃ وَأَبْشِرُوا بِالْجَنَّةِ الَّتِي كُنْتُمْ تُوعَدُونَ పోషే وَعَدُونَ শূহাই কুসিলাত ৪১ : ৩০)।



(তুহফাতুল আহ্ওয়াযী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৩১৬)

তাকে সুসংবাদ দিচ্ছ কিন্তু তুমি জান না অথবা তুমি এ বিষয়ে কি বলছ তা জান না।" এ কথা বলার অর্থ হচ্ছে: তুমি কিভাবে তা জানতে পারলে? অথবা তুমি কিভাবে তা জানলে যা অন্য কেউ জানে না? (غُنيهُ عَلَيْهُ فَيمَا لَا) সম্ভবত সে অন্থিক কথা বলেছে, যা তার উপকারে আসবে না, বরং ক্ষতি করবে।

(أَوْ بَخِلَ بِمَا لَا يَنْقُصُهُ) অথবা সে আর্থিক 'ইবাদাতের ক্ষেত্রে যা ব্যয় করার দরকার ছিল তাতে কৃপণতা করেছে অথবা 'ইলমী মাসআলার ক্ষেত্রে অথবা নিত্য প্রয়োজনীয় জিনিস ধার কর্জ দেয়ার ক্ষেত্রে কৃপণতা করেছে যা করা তার জন্য উচিত ছিল না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন